

# পরিশিষ্ট



## শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

### লক্ষ্য

শিক্ষার্থীর সার্বিক বিকাশের মাধ্যমে মানবিক, সামাজিক ও নৈতিক গুণসম্পন্ন জ্ঞানী, দক্ষ, যুক্তিবাদী ও সৃজনশীল দেশপ্রেমিক জনসম্পদ সৃষ্টি।

### উদ্দেশ্য

১. শিক্ষার্থীর সুষ্ঠু প্রতিভা ও সম্ভাবনা বিকাশের মাধ্যমে সৃজনশীলতা, কল্পনা ও অনুসন্ধিৎসা বৃদ্ধিতে সহায়তা করা।
২. শিক্ষার্থীর মধ্যে মানবিক গুণাবলি, যেমন- নৈতিক মূল্যবোধ, সততা, অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস, সদাচার, অন্যের প্রতি শ্রদ্ধাবোধ, নান্দনিকতাবোধ, সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও ন্যায়বিচারবোধ সুদৃঢ়ভাবে গ্রথিত করা।
৩. মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা ও অসাম্প্রদায়িক মূল্যবোধের আলোকে শিক্ষার্থীর মধ্যে দেশপ্রেম, জাতীয়তাবোধ ও গণতান্ত্রিক মূল্যবোধ জাগ্রত করা এবং সম্ভাবনাময় নাগরিক হিসাবে বেড়ে উঠতে সহায়তা করা।
৪. শিক্ষার্থীর মধ্যে বাংলাদেশ সম্পর্কে সুসংহত জ্ঞানের ভিত রচনা তথা এর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, আর্থ-সামাজিক ও গণতান্ত্রিক রাজনৈতিক চর্চার প্রতি আগ্রহ ও যোগ্যতা সৃষ্টির মাধ্যমে বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের প্রগতি ও উন্নয়নে অবদান রাখতে সক্ষম করে গড়ে তোলা।
৫. শ্রমের মর্যাদা, কাজের অভ্যাস ও কাজ করতে আগ্রহী হওয়ার প্রতি ইতিবাচক মনোভাব বিকশিত করা যাতে শিক্ষার্থী ব্যক্তিগত এবং দলগত উভয় ধরনের কাজ সম্পাদনে নৈতিকতা ও দায়িত্বশীলতার পরিচয় দিতে পারে।
৬. সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগ রক্ষায় শিক্ষার্থীর প্রমিত বাংলা ভাষার দক্ষতা সুদৃঢ় ও সুসংহত করা এবং নিয়মিত পাঠাভ্যাস গড়ে তোলা।
৭. বাংলা সাহিত্যের অন্তর্নিহিত নান্দনিক সৌন্দর্য, শৃঙ্খলা এবং সখ্য উপভোগ ও উদঘাটনে শিক্ষার্থীর যোগ্যতা বিকশিত করা।
৮. আধুনিক কর্মক্ষেত্র, উচ্চশিক্ষাসহ সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগের প্রয়োজনে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতাসমূহ অর্জনের মাধ্যমে শিক্ষার্থীকে যোগ্য করে গড়ে তোলা।
৯. শিক্ষার্থীকে গাণিতিক যুক্তি, পদ্ধতি ও দক্ষতার সাথে পরিচিত করানো এবং জীবন ঘনিষ্ঠ ও বিশ্বের পারিপার্শ্বিক সমস্যা সমাধানের জন্য গণিতের প্রায়োগিক দক্ষতা বিকশিত করা।
১০. শিক্ষার্থীকে প্রযুক্তির প্রতি আগ্রহী করে তোলা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে আত্মবিশ্বাসী, উৎপাদনশীল এবং সৃজনশীল হিসাবে তৈরি করা।
১১. শিক্ষার্থী যাতে জীবনমান উন্নয়নের জন্য জীবন ঘনিষ্ঠ বিভিন্ন সমস্যা অনুসন্ধান ও সমাধানে বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পদ্ধতি প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১২. দেশে এবং বহির্বিদেশে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ এবং জলবায়ুর পরিবর্তনের উপর গুরুত্বারোপ করে পরিবেশগত উপাদান সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা। একই সাথে সংশ্লিষ্ট সকলের কল্যাণের জন্য ঐ সকল উপাদানকে নিয়ন্ত্রণ ও ব্যবহার করার যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১৩. খাদ্য ও পুষ্টি, শারীরিক সক্ষমতা, রোগ-ব্যাধি, প্রজনন স্বাস্থ্য এবং ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদির উপর গুরুত্বারোপ করে শিক্ষার্থীকে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান, জীবন দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়তা করা।
১৪. শিক্ষার্থীর মনে নিজ নিজ ধর্মীয় বিশ্বাস ও মূল্যবোধ জাগ্রত করার পাশাপাশি অন্য ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হতে সহায়তা করা।
১৫. শিক্ষার্থীর মধ্যে বাঙালি এবং ক্ষুদ্র জাতি-গোষ্ঠীর নারী-পুরুষ, বর্ণ, গোত্র, ভাষা, সংস্কৃতি, বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষের প্রতি ভ্রাতৃত্ব ও শ্রদ্ধাবোধ সৃষ্টি করা।
১৬. শিক্ষার্থীর দৈহিক ও মানসিক বিকাশের লক্ষ্যে সহশিক্ষাক্রমিক কার্যাবলি- খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক কর্মকাণ্ড, চারু ও কারুকলা অনুশীলনের নিয়মিত অভ্যাস গড়ে তোলা।

১৭. জীবনব্যাপী শিক্ষায় আগ্রহী ও যোগ্য করার জন্য শিক্ষার্থীর ব্যক্তিগত ও সামাজিক জীবন, আধুনিক কর্মক্ষেত্র এবং স্ব-কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি সুদৃঢ় করা।
১৮. সহযোগিতামূলক কাজ করার মাধ্যমে শিক্ষার্থীর নেতৃত্ব, সহযোগিতা ও যোগাযোগ দক্ষতা বিকাশে সক্ষম করা।

## বিষয়: ভূগোল ও পরিবেশ

### বিষয়ভিত্তিক উদ্দেশ্য

১. ভূগোল ও পরিবেশের স্বরূপ এবং পরিসর সম্পর্কে জ্ঞান লাভ করা।
২. মহাবিশ্ব, সৌরজগত, পৃথিবী ও অন্যান্য গ্রহ-উপগ্রহ সম্পর্কে জ্ঞান লাভ করা।
৩. পৃথিবীর গতি, দিবা-রাত্রির হ্রাস-বৃদ্ধি এবং ঋতু পরিবর্তন সম্পর্কে জানা।
৪. মানচিত্র পাঠের গুরুত্ব অনুধাবন করা এবং এর ব্যবহারিক প্রয়োগ করতে পারা।
৫. ভৌগোলিক তথ্য উপাত্ত সংশ্লিষ্ট চার্ট, ডায়াগ্রাম, সারণি, চিত্র, মডেল, মানচিত্র, প্রভৃতি ব্যাখ্যা ও প্রয়োগ করতে পারা।
৬. পৃথিবীর বাহ্যিক ও অভ্যন্তরীণ গঠন সম্পর্কে অবগত হওয়া।
৭. আবহাওয়া ও জলবায়ুর ধারণা লাভ করা এবং বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কে অবগত হওয়া।
৮. নদী, সাগর, মহাসাগর ও জোয়ার ভাঁটা সম্পর্কে জ্ঞান লাভ করা।
৯. জনসংখ্যা ও পরিবেশ এবং এদের পারস্পরিক প্রভাব সম্পর্কে জানা।
১০. মানব বসতি এবং পরিবেশের গুণগত মানোন্নয়ন ও সংরক্ষণে দায়িত্বশীল হওয়া।
১১. অর্থনৈতিক কার্যাবলি সম্পদ ও উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে জানা।
১২. প্রাকৃতিক দুর্যোগের কারণ ও ফলাফল জানা এবং দুর্যোগ মোকাবেলায় জীবনদক্ষতা অর্জন করা।
১৩. বাংলাদেশের ভৌগোলিক পরিচয় সম্পর্কে জানা।

মাধ্যমিক স্তরের কারিকুলাম অনুযায়ী বিষয়বস্তু ও শিখনফল

বিষয় : ভূগোল ও পরিবেশ

বিষয় কোড : ১১০

২০২৫ সালের পাঠ্যপুস্তক অনুযায়ী পরিমার্জিত

প্রথম অধ্যায় : ভূগোল ও পরিবেশ

শিখনফল	বিষয়বস্তু
<p><b>বুদ্ধিবৃত্তীয় :</b></p> <ol style="list-style-type: none"> <li>১. ভূগোল ও পরিবেশের ধারণা ব্যাখ্যা করতে পারবে।</li> <li>২. ভূগোল ও পরিবেশের পরিধি বর্ণনা করতে পারবে।</li> <li>৩. ভূগোল ও পরিবেশ পাঠের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।</li> </ol> <p><b>আবেগীয়</b></p> <ol style="list-style-type: none"> <li>৪. ভূগোল ও পরিবেশের গুরুত্ব অনুধাবন করে এর পাঠে আগ্রহী ও মনোযোগী হবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>• ভূগোল ও পরিবেশের ধারণা</li> <li>• ভূগোল ও পরিবেশের পরিধি</li> <li>• ভূগোল ও পরিবেশ পাঠের গুরুত্ব</li> </ul>

দ্বিতীয় অধ্যায় : মহাবিশ্ব ও আমাদের পৃথিবী

শিখনফল	বিষয়বস্তু
<p><b>বুদ্ধিবৃত্তীয়</b></p> <ol style="list-style-type: none"> <li>১. মহাবিশ্বের জ্যোতিষ্কমণ্ডলে সৌর জগত, পৃথিবী ও অন্যান্য গ্রহ-উপগ্রহের অবস্থান এবং বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।</li> <li>২. পৃথিবীর আকার আকৃতি ও উপগ্রহ সম্বন্ধে বর্ণনা করতে পারবে।</li> <li>৩. অক্ষরেখা ও দ্রাঘিমা রেখাসহ গুরুত্বপূর্ণ রেখাসমূহ ব্যাখ্যা এবং গুরুত্ব বর্ণনা করতে পারবে।</li> <li>৪. অক্ষরেখা ও দ্রাঘিমা রেখা ব্যবহার করে মানচিত্রে বিভিন্ন স্থান শনাক্ত করতে পারবে।</li> <li>৫. আর্থিক গতি ও বার্ষিক গতি ব্যাখ্যা করতে পারবে</li> <li>৬. দিবা-রাত্রি সংঘটন ও হ্রাস-বৃদ্ধির কারণ এবং প্রভাব বিশ্লেষণ করতে পারবে।</li> <li>৭. ঋতু পরিবর্তনের কারণ ও প্রভাব বিশ্লেষণ করতে পারবে।</li> </ol> <p><b>মনোপেশিজ</b></p> <ol style="list-style-type: none"> <li>৮. বিভিন্ন উপকরণের সাহায্যে সৌরজগতের মডেল তৈরি করতে পারবে।</li> </ol> <p><b>আবেগীয়</b></p> <p>আমাদের বসবাসের একমাত্র পৃথিবী সম্পর্কে আরও বেশি জানার আগ্রহ প্রকাশ করবে।</p>	<ul style="list-style-type: none"> <li>• জ্যোতিষ্কমণ্ডল ও সৌরজগত</li> <li>• পৃথিবীর আকার আকৃতি ও উপগ্রহ</li> <li>• অক্ষরেখা, দ্রাঘিমা রেখা ও গুরুত্বপূর্ণ রেখাসমূহ</li> <li>• আর্থিক গতি ও বার্ষিক গতি</li> <li>• দিবা-রাত্রি সংঘটন</li> <li>• ঋতু পরিবর্তনের কারণ ও প্রভাব</li> </ul>

### তৃতীয় অধ্যায়: মানচিত্র পঠন ও ব্যবহার

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. মানচিত্রের ধারণা, ব্যবহার ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ২. বিভিন্ন প্রকারের মানচিত্র সম্পর্কে বর্ণনা দিতে পারবে। ৩. মানচিত্রে তথ্য-উপাত্ত উপস্থাপন নিয়মাবলি বর্ণনা করতে পারবে এবং ব্যবহারিক প্রয়োগ করতে পারবে। ৪. প্রমাণ সময় ও স্থানীয় সময় বর্ণনা করতে পারবে। <b>বুদ্ধিবৃত্তীয়</b> ৫. স্থানভেদে সময়ের পার্থক্য হওয়ার কারণ ব্যাখ্যা করতে পারবে। ৬. মানচিত্রে জিপিএস ও জিআইএস এর ব্যবহার বর্ণনা করতে পারবে। <b>মনোপেশিজ</b> ৭. কোন নির্দিষ্ট স্থানের মানচিত্র অংকন করে এতে বিভিন্ন বর্ণ ও প্রতীক উপস্থাপন করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>মানচিত্রের ধারণা ও গুরুত্ব</li> <li>মানচিত্রের প্রকারভেদ</li> <li>মানচিত্রে তথ্য-উপাত্ত উপস্থাপন নিয়মাবলি</li> <li>প্রমাণ সময় ও স্থানীয় সময়</li> <li>স্থানভেদে সময়ের পার্থক্য</li> <li>মানচিত্রে জিপিএস ও জিআইএস</li> </ul>

### চতুর্থ অধ্যায়: পৃথিবীর বাহ্যিক ও অভ্যন্তরীণ গঠন

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. পৃথিবীর বাহ্যিক গঠন বর্ণনা করতে পারবে। ২. পৃথিবীর অভ্যন্তরীণ গঠন বর্ণনা করতে পারবে। ৩. ভূ-পৃষ্ঠের পরিবর্তন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে। ৪. ভূ-পৃষ্ঠের আকস্মিক পরিবর্তনের কারণ ব্যাখ্যা করতে পারবে। ৫. ভূমিকম্প, সুনামি ও অগ্ন্যুৎপাতের কারণ এবং ফলাফল বিশ্লেষণ করতে পারবে। ৬. <b>অনুসন্ধান :</b> তথ্য উপাত্ত পর্যালোচনার ভিত্তিতে অতীতে সংঘটিত কোন একটি সুনামির প্রভাব বিশ্লেষণ করতে পারবে। ৭. ভূ-পৃষ্ঠের ধীর পরিবর্তনের কারণ ও ফলাফল ব্যাখ্যা করতে পারবে। ৮. নদীর গতিপথ ব্যাখ্যা করতে পারবে। ৯. নদী দ্বারা সৃষ্ট ভূমিরূপ বর্ণনা করতে পারবে। ১০. পৃথিবীর প্রধান ভূমিরূপের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>পৃথিবীর বাহ্যিক গঠন : অশ্বমন্ডল</li> <li>পৃথিবীর অভ্যন্তরীণ গঠন উপাদান: (শিলা ও খনিজের শ্রেণিবিভাগ এবং বৈশিষ্ট্য)</li> <li>ভূ-পৃষ্ঠের পরিবর্তন প্রক্রিয়া: (আকস্মিক পরিবর্তন ও ধীর পরিবর্তন)</li> <li>ভূ-পৃষ্ঠের আকস্মিক পরিবর্তনের কারণ</li> <li>ভূমিকম্প, সুনামি ও অগ্ন্যুৎপাতের কারণ এবং ফলাফল</li> <li>ভূ-পৃষ্ঠে ধীর পরিবর্তনের কারণ ও ফলাফল</li> <li>নদীর গতিপথ: (উর্ধ্বগতি, মধ্যগতি, নিম্নগতি)</li> <li>নদী দ্বারা সৃষ্ট ভূমিরূপ: (ক্ষয়জাত, সঞ্চয়জাত)</li> <li>পৃথিবীর প্রধান ভূমিরূপ: (পর্বত, মালভূমি ও সমভূমি)</li> </ul>

পঞ্চম অধ্যায় : বায়ু মন্ডল

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. বায়ুর উপাদান বর্ণনা করতে পারবে। ২. বায়ু বায়ুমন্ডলের স্তর বিন্যাস ও তাদের বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে। ৩. বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে। ৪. আবহাওয়া ও জলবায়ুর উপাদান বর্ণনা করতে পারবে। ৫. জলবায়ুর নিয়ামক বর্ণনা করতে পারবে। ৬. বায়ুপ্রবাহ ও তার প্রভাব বিশ্লেষণ করতে পারবে। ৭. পানি চক্র ব্যাখ্যা করতে পারবে। ৮. বিভিন্ন প্রকারের বৃষ্টিপাত সম্পর্কে বর্ণনা করতে পারবে। ৯. জলবায়ুর শ্রেণিবিন্যাস ব্যাখ্যা করতে পারবে। ১০. বিশ্ব উষ্ণায়ন ও জলবায়ু পরিবর্তনের পারস্পরিক সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে। ১১. বিশ্ব জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীর বিশেষ অঞ্চলে সম্ভাব্য যে প্রভাব পড়বে তা বিশ্লেষণ করতে পারবে। ১২. অনুসন্ধান : জলবায়ু পরিবর্তনে বাংলাদেশের মানুষের বাসস্থান, জীবন-জীবিকা ও পরিবেশের উপর সম্ভাব্য প্রভাব বিশ্লেষণ করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>বায়ুর উপাদান</li> <li>বায়ু বায়ুমন্ডলের স্তর বিন্যাস ও বৈশিষ্ট্য</li> <li>বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের গুরুত্ব</li> <li>আবহাওয়া ও জলবায়ুর উপাদান: (তাপমাত্রা, বায়ুচাপ, বায়ুপ্রবাহ ও আর্দ্রতা ইত্যাদি)</li> <li>জলবায়ুর নিয়ামক</li> <li>বায়ুপ্রবাহ</li> <li>পানি চক্র: (বাষ্পীভবন, ঘনীভবন, বারিপাত, আর্দ্রতা ইত্যাদি)</li> <li>বৃষ্টিপাত</li> <li>জলবায়ুর শ্রেণিবিন্যাস</li> <li>বিশ্ব উষ্ণায়ন ও জলবায়ু পরিবর্তনের সম্পর্ক</li> <li>জলবায়ু পরিবর্তনের প্রভাব - বাংলাদেশ ও বিশ্ব প্রেক্ষিতে</li> </ul>

ষষ্ঠ অধ্যায় : বারিমন্ডল

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. বারিমন্ডলের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. সাগর, মহাসাগর ও উপসাগর বর্ণনা করতে পারবে। ৩. সমুদ্র তলদেশের ভূমিরূপ ও সমুদ্র সম্পদ বর্ণনা করতে পারবে। ৪. সমুদ্রস্রোতের কারণ ও প্রভাব ব্যাখ্যা করতে পারবে। ৫. জোয়ার ভাটার কারণ ও প্রভাব ব্যাখ্যা করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>বারিমন্ডলের ধারণা</li> <li>সাগর, মহাসাগর ও উপসাগর</li> <li>সমুদ্র তলদেশের ভূমিরূপ ও প্রাকৃতিক সম্পদ</li> <li>সমুদ্রস্রোতের কারণ ও প্রভাব</li> <li>জোয়ার ভাটার কারণ ও প্রভাব</li> </ul>

সপ্তম অধ্যায় : জনসংখ্যা

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> ১. বিশ্বের জনসংখ্যার বর্তমান পরিস্থিতি ও পরিবর্তনের ধারা ব্যাখ্যা করতে পারবে। ২. জনসংখ্যার পরিবর্তনকে প্রভাবিত করার নিয়ামকসমূহ ব্যাখ্যা করতে পারবে। ৩. প্রাকৃতিক সম্পদের উপর অতিরিক্ত জনসংখ্যার প্রভাব বিশ্লেষণ করতে পারবে। ৪. জনসংখ্যা ঘনত্ব ও জনসংখ্যা বণ্টন ব্যাখ্যা করতে পারবে। ৫. জনসংখ্যা ঘনত্ব ও জনসংখ্যা বণ্টনের প্রভাবকসমূহ বিশ্লেষণ করতে পারবে। ৬. বাংলাদেশের বর্তমান জনসংখ্যা বৃদ্ধির হার, সৃষ্ট সমস্যা এবং সমাধানের উপায় ব্যাখ্যা করতে পারবে।	<ul style="list-style-type: none"> <li>বিশ্বের জনসংখ্যার বর্তমান পরিস্থিতি ও পরিবর্তন ধারা</li> <li>জনসংখ্যা পরিবর্তনের নিয়ামক: (জন্মহার, মৃত্যুহার, অভিবাসন, সামাজিক, অর্থনৈতিক ও সরকারি নীতি ইত্যাদি)</li> <li>প্রাকৃতিক সম্পদের উপর অতিরিক্ত জনসংখ্যার প্রভাব</li> <li>জনসংখ্যা ঘনত্ব ও জনসংখ্যা বণ্টন</li> <li>জনসংখ্যা ঘনত্ব ও জনসংখ্যা বণ্টনের প্রভাবক</li> <li>জনসংখ্যা পরিস্থিতি, সমস্যা ও সমাধান</li> <li>জনসংখ্যা বৃদ্ধি রোধের উপায়</li> </ul>



<p>৭. বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধি রোধের উপায় ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৮. অভিবাসনের কারণ ও সুফল কুফল ব্যাখ্যা করতে পারবে।</p> <p><b>আবেগীয়</b></p> <p>অভিবাসনের সুফল কুফল সম্পর্কে সচেতন হবে এবং অন্যকে ও সচেতন করবে।</p>	<ul style="list-style-type: none"> <li>● অভিবাসনের কারণ ও সুফল কুফল</li> </ul>
--	--

### অষ্টম অধ্যায়: মানব বসতি

শিখনফল	বিষয়বস্তু
<p><b>বুদ্ধিবৃত্তীয়</b></p> <ol style="list-style-type: none"> <li>১. গ্রামীণ বসতি ও নগর বসতি বর্ণনা করতে পারবে।</li> <li>২. বসতি স্থাপনের নিয়ামকসমূহ ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৩. গ্রামীণ বসতির ধরন ও বিন্যাস বর্ণনা করতে পারবে।</li> <li>৪. নগরায়ন নগরের শ্রেণিবিন্যাস ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৫. নগরায়নের প্রভাবক ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৬. অপরিবর্তিত নগরায়নের ফলে সৃষ্ট সমস্যা ব্যাখ্যা করতে পারবে।</li> </ol> <p><b>বুদ্ধিবৃত্তীয়</b></p> <p>৭. অনুসন্ধান : নিজ এলাকার বসতির ধরন ও বিন্যাস ব্যাখ্যা করতে পারবে।</p> <p><b>আবেগীয়</b></p> <p>৮. নিজের চারপাশের প্রকৃতি এবং পরিবেশের যত্নের ব্যাপারে সচেতন ও তৎপর থাকবে।</p>	<ul style="list-style-type: none"> <li>● বসতি: (গ্রামীণ বসতি ও নগর বসতি)</li> <li>● বসতি স্থাপনের নিয়ামক: (ভূ-প্রকৃতি, যোগাযোগ, পরিবেশ ইত্যাদি)</li> <li>● গ্রামীণ বসতির ধরন ও বিন্যাস: (লিনিয়ার, ক্লাস্টার, নিউক্লিয়ার)</li> <li>● নগরায়ন ও নগরের শ্রেণিবিন্যাস: (সাইজ, ফাংশানস ইত্যাদি)</li> <li>● নগরায়নের প্রভাবক: (আবাসিক, বিনোদন, বাণিজ্য, শিক্ষা ইত্যাদি)</li> <li>● অপরিবর্তিত নগরায়নে সৃষ্ট সমস্যা</li> </ul>

### নবম অধ্যায় : সম্পদ ও অর্থনৈতিক কার্যাবলি

শিখনফল	বিষয়বস্তু
<p><b>বুদ্ধিবৃত্তীয়</b></p> <ol style="list-style-type: none"> <li>১. সম্পদের ধারণা ব্যাখ্যা করতে পারবে এবং সম্পদের শ্রেণিবিন্যাস করতে পারবে।</li> <li>২. সম্পদ সংরক্ষণের উপায় ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৩. অর্থনৈতিক কার্যাবলি ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৪. অনুন্নত, উন্নয়নশীল ও উন্নত দেশের অর্থনৈতিক কার্যাবলি ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৫. শিল্প গড়ে উঠার নিয়ামক ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৬. শিল্পের শ্রেণিবিন্যাস ও অবস্থানগত কারণ বিশ্লেষণ করতে পারবে।</li> <li>৭. বিশ্বব্যাপী শিল্পায়নের স্থানিক পরিবর্তনের কারণ বিশ্লেষণ করতে পারবে।</li> <li>৮. আমদানি ও রপ্তানি বাণিজ্য ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৯. বাণিজ্য ভারসাম্য ও উন্নয়নের সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে।</li> </ol> <p><b>আবেগীয়</b></p> <p>১০. সম্পদ সংরক্ষণে যত্নবান হবে এবং অন্যকেও সম্পদ সংরক্ষণ করতে উৎসাহিত করবে।</p>	<ul style="list-style-type: none"> <li>● সম্পদের ধারণা ও শ্রেণিবিন্যাস</li> <li>● সম্পদ সংরক্ষণের উপায়: (সম্পদের ব্যবস্থাপনা, স্থায়িত্ব রক্ষা, অপচয় রোধ-3R: Reduce, Reuse, Recycle)</li> <li>● অর্থনৈতিক কার্যাবলি অনুন্নত, উন্নয়নশীল ও উন্নত দেশের অর্থনৈতিক কার্যাবলি: (প্রাইমারি, সেকেন্ডারি, টারসিয়ারি)</li> <li>● শিল্প গড়ে উঠার নিয়ামক: (মূলধন, বিদ্যুৎশক্তি, বাজার, কাঁচামাল, পরিবহন, যোগাযোগ, প্রযুক্তি, সরকারি নীতি ইত্যাদি)</li> <li>● শিল্পের শ্রেণিবিন্যাস: (ক্ষুদ্র শিল্প, মাঝারি শিল্প, বৃহৎ শিল্প)</li> <li>● শিল্পায়নের স্থানিক পরিবর্তনের কারণ: (শ্রম ব্যয়, যোগাযোগ, প্রযুক্তি ব্যবহার) <ul style="list-style-type: none"> <li>● আমদানি ও রপ্তানি বাণিজ্য</li> <li>● বাণিজ্য ভারসাম্য ও উন্নয়নের সম্পর্ক</li> </ul> </li> </ul>

দশম অধ্যায় : বাংলাদেশের ভৌগোলিক বিবরণ

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> <ol style="list-style-type: none"> <li>১. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান এবং ভূ-প্রকৃতি বর্ণনা করতে পারবে।</li> <li>২. বাংলাদেশের প্রধান নদ-নদী, উপ-নদী এবং শাখা নদী সম্পর্কে বর্ণনা দিতে পারবে।</li> <li>৩. বাংলাদেশের নদী ও জলাশয় ভরাটের মানবসৃষ্ট কারণ, প্রভাব ও প্রতিরোধের উপায় ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৪. বাংলাদেশের জলবায়ুর বৈশিষ্ট্য, ঋতুভিত্তিক তাপমাত্রা, বায়ুপ্রবাহ ও বৃষ্টিপাত সম্পর্কে বর্ণনা দিতে পারবে।</li> <li>৫. মৌসুমী জলবায়ুর বৈশিষ্ট্য এবং কালবৈশাখী সম্পর্কে বর্ণনা করতে পারবে।</li> </ol> <b>আবেগীয়:</b> <ol style="list-style-type: none"> <li>৬. নদী ও জলাশয় ভরাটের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে পারবে।</li> <li>৭. কালবৈশাখী ঝড় ও বজ্রপাতের ক্ষেত্রে সতর্কতা এবং নিরাপত্তামূলক ব্যবস্থা অবলম্বন করবে, অন্যকেও এ ব্যাপারে সচেতন করবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>• বাংলাদেশের অবস্থান ও ভূ-প্রকৃতি</li> <li>• বাংলাদেশের প্রধান নদ-নদী</li> <li>• নদী ও জলাশয় ভরাটের কারণ, প্রভাব ও প্রতিরোধ</li> <li>• বাংলাদেশের জলবায়ুর বৈশিষ্ট্য ও প্রভাব</li> <li>• মৌসুমী জলবায়ু</li> </ul>

একাদশ অধ্যায়: বাংলাদেশের সম্পদ ও শিল্প

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> <ol style="list-style-type: none"> <li>১. বাংলাদেশের প্রধান কৃষিপণ্য ও তাদের বণ্টন বর্ণনা করতে পারবে।</li> <li>২. বাংলাদেশের বিভিন্ন বনাঞ্চলের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।</li> <li>৩. বাংলাদেশের তেল, গ্যাস ও কয়লা ক্ষেত্রের অবস্থান মানচিত্রে প্রদর্শন পূর্বক বর্ণনা করতে পারবে।</li> <li>৪. বাংলাদেশের অর্থনীতিতে তেল, গ্যাস ও কয়লার গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।</li> <li>৫. বাংলাদেশের প্রধান শিল্প সম্পর্কে বর্ণনা দিতে পারবে এবং মানচিত্রে উপস্থাপন করতে পারবে।</li> <li>৬. বাংলাদেশের অর্থনীতিতে পোশাক শিল্পের অবদান বিশ্লেষণ করতে পারবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>• কৃষিপণ্য</li> <li>• বাংলাদেশের বনাঞ্চল: (প্রাকৃতিক ও সামাজিক)</li> <li>• বাংলাদেশের তেল, গ্যাস, কয়লা ও কঠিন শিলা</li> <li>• বাংলাদেশের অর্থনীতিতে তেল গ্যাস ও কয়লার গুরুত্ব</li> <li>• বাংলাদেশের প্রধান শিল্প</li> <li>• বাংলাদেশের অর্থনীতিতে পোশাক শিল্পের অবদান</li> </ul>
<ol style="list-style-type: none"> <li>৭. বাংলাদেশের প্রধান পর্যটন কেন্দ্রের বর্ণনা করতে পারবে এবং মানচিত্রে প্রদর্শন করতে পারবে।</li> <li>৮. বাংলাদেশের পর্যটন শিল্পের গুরুত্ব ও সম্ভাবনা সম্পর্কে বর্ণনা করতে পারবে।</li> <li>৯. <b>অনুসন্ধান :</b> বাংলাদেশের কোন একটি পর্যটন কেন্দ্র পরিভ্রমণ করে তার বর্তমান অবস্থা, সমস্যা এবং ভবিষ্যত সম্ভাবনা সম্পর্কে সচিত্র বর্ণনা দিতে পারবে।</li> </ol> <b>আবেগীয়</b> <ol style="list-style-type: none"> <li>১০. বনজ সম্পদ সংরক্ষণে সচেতন হবে এবং সর্বত্র সচেতনতা সৃষ্টি করবে।</li> <li>১১. পর্যটক হিসেবে পর্যটন কেন্দ্রের সুস্থ পরিবেশ সংরক্ষণে নাগরিক দায়িত্ব পালন করবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>• বাংলাদেশের প্রধান পর্যটন কেন্দ্র</li> <li>• পর্যটন শিল্পের গুরুত্ব ও সম্ভাবনা</li> </ul>

দ্বাদশ অধ্যায়: বাংলাদেশের যোগাযোগ ও বাণিজ্য

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> <ol style="list-style-type: none"> <li>বাংলাদেশের সড়ক, রেল, নৌ ও আকাশ পথের বর্ণনা করতে পারবে।</li> <li>যোগাযোগ ও পরিবহনে সড়ক, রেল, নৌ ও আকাশ পথের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।</li> <li>বাংলাদেশের অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্য ব্যাখ্যা করতে পারবে।</li> <li>বাণিজ্য আমদানি ও রপ্তানি পণ্য সম্পর্কে বর্ণনা দিতে পারবে।</li> </ol> <b>আবেগীয়</b> <ol style="list-style-type: none"> <li>সড়ক, রেল ও নৌ পথে চলাচলের ক্ষেত্রে দুর্ঘটনা এড়াতে সর্বদা সাবধানতা অবলম্বন করবে এবং অন্যকে সাবধান করবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>যোগাযোগ পথ</li> <li>যোগাযোগ পথের গুরুত্ব</li> <li>অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্য</li> <li>বাণিজ্য আমদানি ও রপ্তানি পণ্য</li> </ul>

ত্রয়োদশ অধ্যায়: বাংলাদেশের উন্নয়ন কর্মকাণ্ড ও পরিবেশের ভারসাম্য

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> <ol style="list-style-type: none"> <li>পরিবেশের ভারসাম্য এবং ভারসাম্যহীনতা ব্যাখ্যা করতে পারবে।</li> <li>পরিবেশের ভারসাম্যহীনতার পরিণতি বিশ্লেষণ করতে পারবে।</li> <li>উন্নয়ন কর্মকাণ্ডের ব্যাখ্যা সহ বাংলাদেশের কয়েকটি উল্লেখযোগ্য উন্নয়ন কর্মকাণ্ড বর্ণনা করতে পারবে।</li> <li>বাংলাদেশের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড সম্পাদনের সময় কিভাবে পরিবেশ দূষণ ও ভারসাম্যহীন হয়ে পড়ছে তা ব্যাখ্যা করতে পারবে।</li> <li><b>অনুসন্ধান :</b> উন্নয়ন কর্মকাণ্ড কিভাবে পরিবেশের ভারসাম্যকে প্রভাবিত করে তা বিশ্লেষণ করতে পারবে।</li> <li>বাংলাদেশের উন্নয়ন কর্মকাণ্ড সম্পাদনের সময় পরিবেশের ভারসাম্য রক্ষার উপায় ব্যাখ্যা করতে পারবে।</li> </ol> <b>আবেগীয়</b> <ol style="list-style-type: none"> <li>পরিবেশ ভারসাম্যহীনতার পরিণতি সম্পর্কে সচেতন হবে এবং অন্যকে সচেতন করবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>উন্নয়ন কর্মকাণ্ড ও পরিবেশের ভারসাম্য</li> <li>পরিবেশের ভারসাম্যহীনতার পরিণতি</li> <li>বাংলাদেশের কয়েকটি উন্নয়ন কর্মকাণ্ড: (অবকাঠামো নির্মাণ, খনিজ উত্তোলন, বিদ্যুৎ উৎপাদন, শিল্প স্থাপন প্রভৃতি)</li> <li>বাংলাদেশের উন্নয়ন কর্মকাণ্ড ও পরিবেশ দূষণ</li> <li>পরিবেশের ভারসাম্য রক্ষার উপায়</li> </ul>

চতুর্দশ অধ্যায়: বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ

শিখনফল	বিষয়বস্তু
<b>বুদ্ধিবৃত্তীয়</b> <ol style="list-style-type: none"> <li>দুর্যোগ ও বিপর্যয় ব্যাখ্যা করতে পারবে।</li> <li>বাংলাদেশে সংঘটিত বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগ বর্ণনা করতে পারবে।</li> <li>দুর্যোগ ব্যবস্থাপনা চক্র ব্যাখ্যা করতে পারবে।</li> <li>বাংলাদেশের উপকূলীয় প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনার উপায় ব্যাখ্যা করতে পারবে।</li> <li>ভূমিকম্পের মাত্রা ও সুনামির পূর্বাভাস প্রদানে প্রযুক্তির ব্যবহার ও কার্যকারিতা মূল্যায়ন করতে পারবে।</li> </ol> <b>আবেগীয়</b> <ol style="list-style-type: none"> <li>প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় করণীয় সম্পর্কে সচেতন হবে এবং অন্যকে সচেতন করবে।</li> </ol>	<ul style="list-style-type: none"> <li>দুর্যোগ ও বিপর্যয়</li> <li>বাংলাদেশে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগ: (ঘূর্ণিঝড়, নদী ভাঙ্গন, বন্যা, ক্ষরা, ভূমিকম্প ও সুনামি)</li> <li>দুর্যোগ ব্যবস্থাপনা চক্র</li> <li>বাংলাদেশের উপকূলীয় প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা</li> <li>ভূমিকম্পের মাত্রা ও সুনামির পূর্বাভাস প্রদানে প্রযুক্তির ব্যবহার</li> </ul>

পঞ্চদশ অধ্যায়: টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে অংশীদারিত্বেও গুরুত্ব ব্যাখ্যা করতে পারব; ২. টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের ফলাফল বিশ্লেষণ করতে পারব; ৩. টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করতে পারব; ৪. টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় ব্যাখ্যা করতে পারব;	<ul style="list-style-type: none"><li>• টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে অংশীদারিত্বেও গুরুত্ব</li><li>• টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের সম্ভাব্য ফলাফল</li><li>• টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে বাংলাদেশের চ্যালেঞ্জ</li><li>• টেকসই উন্নয়ন মোকাবিলায়</li></ul>

## শিখনফল ম্যাপ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, .....

এসএসসি/দাখিল পরীক্ষা ২০.....

বিষয়: ভূগোল ও পরিবেশ বিষয় কোড: ১১০

	অধ্যায় ১			অধ্যায় ২			অধ্যায় ৩			অধ্যায় ৪			অধ্যায় ৫			অধ্যায় ৬			অধ্যায় ৭			অধ্যায় ৮			অধ্যায় ৯			অধ্যায় ১০			অধ্যায় ১১			অধ্যায় ১২			অধ্যায় ১৩			অধ্যায় ১৪			অধ্যায় ১৫		
ক্র.সং.	MCQ	CQ	SQ	MCQ	CQ	SO	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SO	MCQ	CQ	SQ	MCQ	CQ	SO	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SO						
১																																													
২																																													
৩																																													
৪																																													
৫																																													
৬																																													
৭																																													
৮																																													
৯																																													
১০																																													
১১																																													
মোট																																													

বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়  
বিষয়: ভূগোল ও পরিবেশ বিষয় কোড : ১১০

<p>১. কোনটি পরিমাপে নটিক্যাল মাইল শব্দটি ব্যবহৃত হয়?</p> <p>ক. সমুদ্রপথ খ. রেলপথ গ. সড়কপথ ঘ. আকাশপথ</p> <p>২. শুভ্রা খাত কোন মহাসাগরে অবস্থিত ?</p> <p>ক. প্রশান্ত মহাসাগর খ. ভারত মহাসাগর গ. উত্তর মহাসাগর ঘ. দক্ষিণ মহাসাগর</p> <p>৩. বুধ গ্রহ মানুষের বসবাসের অনুপযোগী কেন?</p> <p>ক. এর উপরিভাগে তাপমাত্রা কম খ. এখানে অত্যধিক এসিড বৃষ্টি হয় গ. এর বায়ুমণ্ডল অত্যন্ত বিষাক্ত ঘ. এখানে তাপমাত্রা অত্যন্ত বেশি</p> <p>উদ্দীপকের আলোকে ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :</p> <table> <tr> <th>জেলার নাম</th><th>জনসংখ্যা</th><th>আয়তন (বর্গ কি. মি.)</th></tr> <tr> <td>বরিশাল</td><td>২৩,২৪,৩১০</td><td>২৭৪৪</td></tr> </table> <p>৪. উপরোক্ত ছক অনুযায়ী বরিশাল জেলার জনসংখ্যা ঘনত্ব কত?</p> <p>ক. ৮২৪ জন (প্রায়) খ. ৮৪৭ জন (প্রায়) গ. ১০১৫ জন (প্রায়) ঘ. ২০০০ জন (প্রায়)</p> <p>৫. হিমবাহ দ্বারা বিচূর্ণ পদার্থগুলো স্থানান্তরিত হলে তা ধীর পরিবর্তনের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত ?</p> <p>ক. বিচূর্ণী ভবন খ. নগ্নীভবন গ. অবক্ষেপণ ঘ. অপসারণ</p> <p>উদ্দীপকের আলোকে ৬ ও ৭ নম্বর প্রশ্নের উত্তর দাও : দুই বিদেশী কর্মজীবী বন্ধুর কথোপকথন : প্রথম বন্ধু : আমি এমন এক দেশের নাগরিক যেখানে অধিকাংশ মানুষ প্রাকৃতিক সম্পদের উপর সরাসরি নির্ভরশীল। দ্বিতীয় বন্ধু : আমি এমন এক দেশের নাগরিক যেখানে তোমাদের উৎপাদিত বস্তুসমূহ প্রক্রিয়াজাত করা হয়।</p>	জেলার নাম	জনসংখ্যা	আয়তন (বর্গ কি. মি.)	বরিশাল	২৩,২৪,৩১০	২৭৪৪	<p>৬. প্রথম বন্ধুর দেশের অর্থনৈতিক অবস্থার সাথে নীচের কোন দেশের মিল রয়েছে?</p> <p>ক. চীন খ. স্পেন গ. কেনিয়া ঘ. কানাডা</p> <p>৭. উদ্দীপকে উল্লিখিত দেশ দুটির অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্যে কোন ক্ষেত্রে পার্থক্য রয়েছে?</p> <p>ক. যন্ত্রপাতির প্রস্তুতকরণে খ. আধুনিক প্রযুক্তির ব্যবহারে গ. নবায়নযোগ্য সম্পদ ব্যবহারে ঘ. দ্রব্য সামগ্রীর আকার পরিবর্তনে</p> <p>৮. পানি দূষিত হওয়ার কারণ-</p> <p>i জমিতে অধিক ইউরিয়া প্রয়োগ ii একই জমি বছরে অধিকবার ব্যবহার iii ট্যানারি শিল্প থেকে নির্গত বর্জ্য</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii</p> <p>৯. দিনাজপুর ও শিলং একই অক্ষাংশে অবস্থিত হওয়া সত্ত্বেও জলবায়ু ভিন্ন রকম হওয়ার কারণ-</p> <p>ক. সমুদ্র স্রোত খ. বায়ু প্রবাহ গ. উচ্চতার তারতম্য ঘ. সমুদ্র থেকে দূরত্ব</p> <p>১০. ক্যানবেরা কোন ধরনের নগর ?</p> <p>ক. শিল্পভিত্তিক নগর খ. প্রশাসনিক নগর গ. সাংস্কৃতিক নগর ঘ. বাণিজ্যভিত্তিক নগর</p>
জেলার নাম	জনসংখ্যা	আয়তন (বর্গ কি. মি.)					
বরিশাল	২৩,২৪,৩১০	২৭৪৪					

১১. বায়ুমন্ডলের কোন স্তরে হিলিয়াম ও হাইড্রোজেন গ্যাসের প্রাধান্য দেখা যায়?  
ক. ট্রোপোমন্ডল  
খ. স্ট্রাটোমন্ডল  
গ. মেসোমন্ডল  
ঘ. এক্সোমন্ডল

১২. গণসচেতনতা বৃদ্ধি করা দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের কোন পর্যায়ের কাজ?  
ক. প্রতিরোধ  
খ. প্রশমন  
গ. প্রস্তুতকরণ  
ঘ. পুনরুদ্ধার

১৩. ঢাকার স্থানীয় সময় মক্কার স্থানীয় সময়ের তুলনায় বেশী কেন ?  
ক. ঢাকা মক্কার পূর্বে অবস্থিত  
খ. ঢাকা মক্কার পাশ্চিমে অবস্থিত  
গ. ঢাকার দ্রাঘিমাংশ মক্কার তুলনায় কম  
ঘ. ঢাকার অক্ষাংশ মক্কার তুলনায় বেশি

উদ্দীপকের আলোকে ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :  
একজন ভূগোল শিক্ষক শ্রেণিকক্ষে বিভিন্ন দেশ ও রাষ্ট্রের সীমা দেখিয়ে একটি মানচিত্র প্রদর্শন করলেন।

১৪. শিক্ষক শ্রেণিকক্ষে কোন প্রকারের মানচিত্র প্রদর্শন করলেন?  
ক. সাংস্কৃতিক  
খ. ভূতাত্ত্বিক  
গ. ভূসংস্থানিক  
ঘ. প্রাকৃতিক

১৫. বাংলাদেশে এসডিজি বাস্তবায়ন হলে যে সকল সফলতা অর্জিত হবে তা হলো-  
ক. মানুষের অভাব কমে যাবে  
খ. স্বাস্থ্যগত অবস্থার উন্নতি হবে  
গ. সামাজিক বৈষম্য হ্রাস পাবে

নিচের কোনটি সঠিক ?

- ক. i ও ii  
খ. i ও iii  
গ. ii ও iii  
ঘ. i, ii ও iii

উদ্দীপকের আলোকে ১৬ ও ১৭ নম্বর প্রশ্নের উত্তর দাও :

শিল্প	স্থান	বৈশিষ্ট্য
X	রাঙামাটি	স্থানীয়ভাবে প্রচুর কাঁচামাল পাওয়া যায়
Y	ভৈরব বাজার	কৃষি নির্ভরতা কাঁচামাল
Z	ফেঞ্চুগঞ্জ	প্রাকৃতিক গ্যাস নির্ভর

১৬. ছকের X শিল্পটিতে ব্যবহৃত কাঁচামাল কোনটি?  
ক. নল খাগড়া  
খ. বাঁশ ও বেত  
গ. তুলা ও সুতা  
ঘ. আখের ছোবড়া

১৭. উদ্দীপক অনুসারে কোন বিবৃতিটি সঠিক ?  
ক. Y ও Z উভয় শিল্প স্থানীয় কাঁচামাল নির্ভর  
খ. Y ও Z উভয় শিল্পজাত পণ্য বিদেশে রপ্তানী করা হয়  
গ. Y শিল্পের শ্রমিক সংখ্যা Z শিল্পের শ্রমিক সংখ্যার চেয়ে বেশি  
ঘ. Y শিল্পের মূলধনের পরিমাণ Z শিল্পের মূলধনের পরিমাণের চেয়ে বেশি

১৮. ঝালকাঠি জেলায় কেন রেলপথ গড়ে ওঠেনি ?  
ক. এ অঞ্চলে অনেক বনভূমি আছে  
খ. এখানকার জমি অনেক অসমতল  
গ. এখানে মাটির বুনন সুদৃঢ় নয়  
ঘ. এ জেলার সাথে বাণিজ্য কেন্দ্রের সংযোগ নাই

১৯. কোন ধরনের মাটিতে চা চাষ ভাল হয় ?  
ক. বালিযুক্ত দোআঁশ  
খ. পলিযুক্ত দোআঁশ  
গ. কর্দমময় দোআঁশ  
ঘ. লৌহমিশ্রিত দোআঁশ

২০. বাংলাদেশের দক্ষিণ-পূর্ব এলাকায় কোন প্রাণী দেখা যায় ?  
ক. চিতাবাঘ  
খ. হরিণ  
গ. হাতি  
ঘ. ঘড়িয়াল


২১. বাংলাদেশে টেকসই উন্নয়নের চ্যালেঞ্জ হচ্ছে-  
i জনগণের মাঝে সম্পদ সমানভাবে বন্টিত হয় না  
ii গ্রামে বেশিরভাগ সময় বিদ্যুৎ সরবরাহ থাকে না  
iii নতুন শহর তৈরি করা যায় না

নিচের কোনটি সঠিক ?

- ক. i ও ii  
খ. i ও iii  
গ. ii ও iii  
ঘ. i, ii ও iii

২২. নগর জীবনের ক্ষেত্রে কোনটি প্রযোজ্য ?
- ক. বৈচিত্র্যপূর্ণ পেশা বাছাইয়ের সুযোগ
- খ. যৌথ পরিবারের আধিক্য
- গ. বৃহৎ পরিসরে অধিক জনবসতি
- ঘ. মানুষের রক্ষণশীল মনোভাব

উদ্দীপকের আলোকে ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :



২৩. A স্থানে কত তারিখ নির্দেশ করে ?

- ক. ২১ মার্চ
- খ. ২১ জুন
- গ. ২৩ সেপ্টেম্বর
- ঘ. ২২ ডিসেম্বর
২৪. পাললিক শিলার বৈশিষ্ট্য হচ্ছে-
- ক. ভূগর্ভ হতে নির্গত বিভিন্ন নরম উপাদান জমাট বেঁধে এটি সৃষ্টি হয়েছে
- খ. এর দানাগুলো খুব মোটা হয়
- গ. এর মোট পরিমাণ মহাদেশীয় ভূত্বকের আবরণের তিন চতুর্থাংশ
- ঘ. প্রাকৃতিক কারণে এর চেহারা পরিবর্তিত হয়

উদ্দীপকের আলোকে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :

দৃশ্যপট-১

মিথিলা বার্ষিক পরীক্ষা শেষে মামা বাড়ি যাওয়ার জন্য খুব ভোরবেলা রওনা হলো। রাস্তায় সে লক্ষ্য করলো দু'পাশের গাছপালা ও লতাপাতার উপর বিন্দু বিন্দু পানি জমে আছে।

দৃশ্যপট-২

কয়েকদিন খুব গরম অনুভূত হচ্ছিলো, রাতুল স্কুল হতে বাড়ি ফেরার সময় লক্ষ্য করলো আকাশ ঘনকালো মেঘে ছেয়ে গেছে। কিছুক্ষণ পর মুসলধারে বৃষ্টি শুরু হলো। ভিজে বাড়ি ফেরার পর বাবা তাকে জানালো প্রচণ্ড গরমের পরই শুধু নয় অনেক সময় শীতল বায়ু ও উষ্ণ বায়ুর মধ্যে সংঘর্ষ হলেও বৃষ্টি হয়ে থাকে।


২৫. মিথিলার দেখা গাছপালা ও লতাপাতার উপর জমা পানির বিন্দুকে কী বলা হয়?

- ক. বৃষ্টি
- খ. শিশির
- গ. কুয়াশা
- ঘ. তুষারপাত

দৃশ্যপট-২ এ উল্লিখিত বৃষ্টিপাত দু'টির মধ্যে সাদৃশ্য কোনটি?

- ক. উভয় বৃষ্টিপাতই নাতিশীতোষ্ণমণ্ডলে দেখা যায়
- খ. উভয় বৃষ্টিপাত ভোরবেলা শুরু হয়
- গ. বৃষ্টিপাত দু'টি পাহাড়ী এলাকায় ঘটে
- ঘ. উভয় বৃষ্টিপাতেই শিলাবৃষ্টি হয়

২৭. মানচিত্রে নদী নির্দেশ করার জন্য কোন প্রতীক চিহ্ন ব্যবহৃত হয় ?



২৮. সহজ প্রকৌশলগত ব্যবস্থাপনায় বন্যা নিয়ন্ত্রন করা যায় কীভাবে?
- ক. নদীর নাব্যতা বৃদ্ধি করে
- খ. দেশের বনভূমির পরিমাণ বৃদ্ধি করে
- গ. প্রতিবেশি দেশ থেকে আসা পানির গতি রোধ করে
- ঘ. বন্যার সময় জনগণকে জানানোর জন্য টেলিভিশনে প্রচার বাড়িয়ে।

২৯. কোনটি প্রাকৃতিক ভূগোলের অন্তর্ভুক্ত বিষয় ?

- ক. রাষ্ট্রের সীমানা
- খ. নগর পরিবেশ
- গ. জলবায়ুর তারতম্য
- ঘ. প্রাকৃতিক গ্যাস আহরণ

৩০. কোনটি মাঝারী শিল্প?

- ক. বস্ত্র শিল্প
- খ. তাঁত শিল্প
- গ. চামড়া শিল্প
- ঘ. ইস্পাত শিল্প



বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ  
বিষয় : ভূগোল ও পরিবেশ      বিষয় কোড : ১১০

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন	
১. বৃষ্টিছায় অঞ্চল কোনটি ?	ক. স্পেন খ. তিব্বত গ. গ্রীনল্যান্ড ঘ. অস্ট্রেলিয়া
বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন	
২. বায়ুমন্ডলে ক্লোরোফ্লোরো গ্যাসের আধিক্যের কারণে-	i নদী প্রবাহ ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে ii মরুकरण প্রক্রিয়া শুরু হচ্ছে iii নিম্নাঞ্চল প্লাবিত হচ্ছে
নিচের কোনটি সঠিক?	ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii
অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন	
নিচের উদ্দীপকের আলোকে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:	
জারিফ একটি ভিডিও চিত্রে একটি জ্যোতিষ্কের মাথা ও লেজ দেখে বিস্মিত হলো। এর আগে সে টেলিভিশনে জিওগ্রাফিক চ্যানেলের এটি প্রতিবেদনে বিভিন্ন গ্রহ উপগ্রহ সম্পর্কে জেনেছিলো। সেখানে একটি গ্রহের রঙ ছিলো লাল, আরেকটি গ্রহ যার উপরের দিকে তাপ কম এবং ভেতরের তাপ বেশি থাকে বলে জেনেছিলো।	
৩. ভিডিও চিত্রে জারিফের দেখা জ্যোতিষ্ক কোনটি?	ক. প্রক্সিমা সেন্টরাই খ. ডিমোস গ. উক্সা ঘ. ধূমকেতু
৪. জারিফ টেলিভিশনে জিওগ্রাফিক চ্যানেলের প্রতিবেদনে যে দু'টি গ্রহ দেখেছিলো তাদের মধ্যে সাদৃশ্য কোনটি?	ক. উভয় গ্রহের বায়ুমন্ডলেই কার্বন-ডাই-অক্সাইড বেশি খ. উভয়েরই উপগ্রহ আছে গ. উভয়েরই বলয় আছে ঘ. উভয় গ্রহই পূর্ব দিক হতে পশ্চিম দিকে আবর্তিত হয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮


তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪১৬  
২২ নভেম্বর ২০০৯

পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে :

- (ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।
- (খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না।
- (ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রণয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(খন্দকার রাকিবুর রহমান)  
যুগ্ম-সচিব(মাধ্যমিক)  
শিক্ষা মন্ত্রণালয়।

বিতরণ :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [ জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারটেন্ডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

## ত্রিটিয়ুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় : ভূগোল ও পরিবেশ

বিষয় কোড : ১১০

<p>১. কোন জলভাগেশীতল শ্রোতে ভেসে আসা হিমশৈলের কারণে জাহাজভুবির সম্ভাবনা বেশি?</p> <p>ক. প্রশান্ত মহাসাগরে খ. উত্তর মহাসাগরে গ. ভারত মহাসাগরে ঘ. আটলান্টিক মহাসাগরে</p> <p>২. শিল্প গড়ে ওঠার প্রাকৃতিক নিয়ামক কোনটি?</p> <p>ক. মূলধন খ. জলবায়ু গ. বৃষ্টিপাত ঘ. সড়কপথ</p> <p>৩. টেকসই উন্নয়নের চ্যালেঞ্জ কোনটি?</p> <p>ক. সম্পদের অসম বন্টন খ. অপরিবর্তিত শিল্পায়ন গ. জেডার বৈষম্য ঘ. অবকাঠামোগত দুর্বলতা</p> <p>৪. বন্যা নিয়ন্ত্রণের জন্য করণীয় কী?</p> <p>ক. নদী শাসন ব্যবস্থা খ. দু'তীরে ঘন জঙ্গল গ. স্থানান্তরযোগ্য বসতি ঘ. উপরের সবগুলো সঠিক</p> <p>৫. বাংলাদেশে নৌচলাচলের উপযোগী জলপথের মোট পরিমাণ কত?</p> <p>ক. ৩০০০ কি. মি. খ. ৩৪০০ কি. মি. গ. ৫৪০০ কি. মি. ঘ. ৮৪০০ কি. মি.</p> <p>৬. কোনটি জনসংখ্যা বন্টনের প্রাকৃতিক নিয়ামক নয়?</p> <p>ক. খনিজ খ. মৃত্তিকা গ. জলবায়ু ঘ. অর্থনৈতিক</p> <p>৭. অভিবাসনের ফলে কোন স্থানের-</p> <p>i. জনসংখ্যা বৃদ্ধি পায় ii. জনসংখ্যা হ্রাস পায় iii. সামাজিক বৈশিষ্ট্য ক্ষুণ্ণ হয়</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii</p> <p>১৪. ধলেশ্বরীর শাখানদী কোনটি?</p> <p>ক. গঙ্গা</p>	<p>৮. বাংলাদেশের পাহাড়ি অঞ্চলে কোন ধরনের বৃষ্টিপাত বেশি হয়?</p> <p>ক. ঘূর্ণি খ. সংঘর্ষ গ. পরিচলন ঘ. শৈলোৎক্ষেপ</p> <p>৯. বিশ্ব উষ্ণায়নের জন্য অধিক দায়ী কোনটি?</p> <p>ক. মিথেন গ্যাস খ. নাইট্রাস অক্সাইড গ্যাস গ. কার্বন ডাই অক্সাইড গ্যাস ঘ. কার্বন মনোঅক্সাইড গ্যাস</p> <p>১০. বাংলাদেশে কৃষিকে প্রাধান্য দেয়ার অন্যতম কারণ কী?</p> <p>ক. এ অঞ্চলটি গ্রীষ্ম প্রধান খ. এটি নিরক্ষরেখার দক্ষিণে গ. সারা বছরব্যাপী স্বল্প বৃষ্টিপাত হয় ঘ. এটি নদী বিধৌত সমভূমি অঞ্চল</p> <p>১১. মেঘনা নদীর অববাহিকায় বসবাসরত পরিবারগুলো নিজেদের প্রয়োজনে বৃক্ষ কেটে চাষাবাদ করে। পরিবারগুলোর কর্মকাণ্ডের ফলাফল-</p> <p>i. পরিবেশগত ভারসাম্যহীনতা ii. কার্বন ডাই-অক্সাইড বৃদ্ধি iii. আবাদযোগ্য জমির পরিমাণ বৃদ্ধি</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii</p> <p>১২. কোন গ্রহটি পৃথিবী থেকে দূরবীক্ষণ ছাড়া দেখা যায় না?</p> <p>ক. শনি খ. বুধ গ. নেপচুন ঘ. বৃহস্পতি</p> <p>১৩. ব্রহ্মপুত্র নদ মানস সরোবর থেকে উৎপন্ন হয়ে-</p> <p>ক. চাঁদপুরের কাছে মেঘনায় পতিত খ. দৌলতদিয়ার নিকটে পদ্মায় মিলিত গ. তিব্বত ও আসামের উপর দিয়ে প্রবাহিত ঘ. কুড়িগ্রাম জেলার মধ্যদিয়ে বাংলাদেশে প্রবেশ</p> <p>১৬. প্রশান্ত মহাসাগরের গড় গভীরতা কত?</p> <p>ক. ৪২৭০ মিটার</p>
---	--

<p>খ. বুড়িগঙ্গা গ. শীতলক্ষ্যা ঘ. মাথাভাঙ্গা</p> <p>১৫. নিচের কোনটি জনসংখ্যা বন্টনের অপ্রাকৃতিক প্রভাবক? ক. খনিজ খ. মৃত্তিকা গ. ভূপ্রকৃতি ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p>	<p>খ. ১২৮৭ মিটার গ. ৩৯৩২ মিটার ঘ. ৩৯৬২ মিটার</p> <p>১৭. বাংলাদেশের আমদানী পণ্য কোনটি? ক. হিমায়িত খাদ্য খ. চামড়াজাত পণ্য গ. হোম টেক্সটাইল ঘ. অপরিশোধিত পেট্রোলিয়াম</p>
--	--

## ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ

বিষয় : ভূগোল ও পরিবেশ

বিষয় কোড : ১১০

ত্রুটিযুক্ত রূপ	ত্রুটিমুক্ত রূপ
উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।	
১. টেকসই উন্নয়নের চ্যালেঞ্জ কোনটি? ক. সম্পদের অসম বন্টন খ. অপরিকল্পিত শিল্পায়ন গ. জেডার বৈষম্য ঘ. অবকাঠামোগত দুর্বলতা	১. টেকসই উন্নয়নের সবচেয়ে বড় চ্যালেঞ্জ কোনটি? ক. সম্পদের অসম বন্টন খ. অপরিকল্পিত শিল্পায়ন গ. জেডার বৈষম্য ঘ. অবকাঠামোগত দুর্বলতা
উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।	
২. বাংলাদেশে নৌ চলাচলের উপযোগী জলপথের মোট দৈর্ঘ্য কত? ক. ৩০০০ কি. মি. খ. ৪৪৮৩ কি. মি. গ. ৫৪০০ কি. মি. ঘ. ৮৪০০ কি. মি.	২. বাংলাদেশে নৌপথের মোট দৈর্ঘ্য কত? ক. ৩০০০ কি. মি. খ. ৪৪৮৩ কি. মি. গ. ৫৪০০ কি. মি. ঘ. ৮৪০০ কি. মি.
উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানযুক্ত হবে।	
৩. কোন জলভাগে শীতল শ্রোতে ভেসে আসা হিমশৈলের কারণে জাহাজডুবির সম্ভাবনা বেশি? ক. প্রশান্ত মহাসাগরে খ. উত্তর মহাসাগরে গ. ভারত মহাসাগরে ঘ. আটলান্টিক মহাসাগরে	৩. কোন জলভাগে হিমশৈলের কারণে জাহাজডুবির সম্ভাবনা বেশি? ক. উত্তর মহাসাগরে খ. প্রশান্ত মহাসাগরে গ. ভারত মহাসাগরে ঘ. আটলান্টিক মহাসাগরে
উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুলো কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।	
৪. বিশ্ব উষ্ণায়নের জন্য অধিক দায়ী কোনটি? ক. মিথেন গ্যাস খ. নাইট্রাস অক্সাইড গ্যাস গ. কার্বন ডাই অক্সাইড গ্যাস ঘ. কার্বন মনোঅক্সাইড গ্যাস	৪. বিশ্ব উষ্ণায়নের জন্য অধিক দায়ী গ্যাস কোনটি? ক. মিথেন খ. নাইট্রাস অক্সাইড গ. কার্বন ডাই অক্সাইড ঘ. কার্বন মনোঅক্সাইড
উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে।	
৫. কোনটি জনসংখ্যা বন্টনের প্রাকৃতিক নিয়ামক নয়? ক. খনিজ খ. মৃত্তিকা গ. জলবায়ু ঘ. অর্থনৈতিক	৫. কোনটি জনসংখ্যা বন্টনের অপ্রাকৃতিক নিয়ামক? ক. খনিজ খ. মৃত্তিকা গ. জলবায়ু ঘ. অর্থনৈতিক
না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।	
৬. কোনটি নদীর সঞ্চয়জাত ভূমিরূপ নয়? ক. জলপ্রপাত খ. পলল পাখা গ. প্লাবন সমভূমি ঘ. ব-দ্বীপ	৬. কোনটি নদীর সঞ্চয়জাত ভূমিরূপ নয়? ক. জলপ্রপাত খ. পলল পাখা গ. প্লাবন সমভূমি ঘ. ব-দ্বীপ

উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।	
৭. শীতল কামচাটকা শ্রোতের প্রভাবে কামচাটকা উপদ্বীপে কী ঘটে? ক. শীতলতা বৃদ্ধি পায় খ. ঝড়-ঝঞ্ঝা বৃদ্ধি পায় গ. জাহাজ চলাচল সুবিধা হয় ঘ. প্রচুর মাছ ধরা পড়ে	৭. কামচাটকা শ্রোতের প্রভাবে কামচাটকা উপদ্বীপে কী ঘটে? ক. শীতলতা বৃদ্ধি পায় খ. ঝড়-ঝঞ্ঝা বৃদ্ধি পায় গ. জাহাজ চলাচল সুবিধা হয় ঘ. প্রচুর মাছ ধরা পড়ে

নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।	
৮. মেঘনা নদীর অববাহিকায় বসবাসরত পরিবারগুলো নিজেদের প্রয়োজনে বৃক্ষ কেটে চাষাবাদ করে। পরিবারগুলোর কর্মকাণ্ডের ফলাফল- i. পরিবেশগত ভারসাম্যহীনতা ii. কার্বন ডাই-অক্সাইড বৃদ্ধি iii. আবাদযোগ্য জমির পরিমাণ বৃদ্ধি নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii	৮. মেঘনা নদীর অববাহিকায় বসবাসরত পরিবারগুলো প্রতিবছর বন্যা কবলিত হয়। এজন্য তারা নদীর পাড়ে বৃক্ষ রোপণ করে। পরিবারগুলোর কর্মকাণ্ডের ফলাফল- i. ভূমি ক্ষয়-হ্রাস ii. কার্বন ডাই-অক্সাইড হ্রাস iii. আবাদযোগ্য জমির পরিমাণ হ্রাস নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যাকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।	
৯. বাংলাদেশে কৃষিকে প্রাধান্য দেয়ার অন্যতম কারণ কী? ক. এ অঞ্চলটি গ্রীষ্ম প্রধান খ. এটি নিরক্ষরেখার দক্ষিণে গ. সারা বছরব্যাপী স্বল্প বৃষ্টিপাত হয় ঘ. এটি নদী বিধৌত সমভূমি অঞ্চল	৯. বাংলাদেশে কৃষিকে প্রাধান্য দেয়ার অন্যতম কারণ কী? ক. এ অঞ্চলটি গ্রীষ্ম প্রধান খ. এটি নিরক্ষরেখার দক্ষিণে গ. সারা বছর স্বল্প বৃষ্টিপাত হয় ঘ. এটি নদী বিধৌত সমভূমি অঞ্চল

বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।	
১০. ব্রহ্মপুত্র নদ মানস সরোবর থেকে উৎপন্ন হয়ে- ক. চাঁদপুরের কাছে মেঘনায় পতিত খ. দৌলতদিয়ার নিকটে পদ্মায় মিলিত হয়েছে গ. তিব্বত ও আসামের উপর দিয়ে প্রবাহিত ঘ. সিলেট জেলার মধ্যদিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে	১০. ব্রহ্মপুত্র নদ মানস সরোবর থেকে উৎপন্ন হয়ে- ক. চাঁদপুরের কাছে মেঘনায় পতিত হয়েছে খ. দৌলতদিয়ার নিকটে পদ্মায় মিলিত হয়েছে গ. তিব্বত ও আসামের উপর দিয়ে প্রবাহিত হয়েছে ঘ. সিলেট জেলার মধ্যদিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে

পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।	
১১. ধলেশ্বরীর শাখানদী কোনটি? ক. গঙ্গা খ. বুড়িগঙ্গা গ. শীতলক্ষ্যা ঘ. মাথাভাঙ্গা	১১. ধলেশ্বরীর শাখানদী কোনটি? ক. মধুমতি খ. বুড়িগঙ্গা গ. শীতলক্ষ্যা ঘ. মাথাভাঙ্গা

বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাচাক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।	
১২. প্রশান্ত মহাসাগরের গড় গভীরতা কত? ক. ৪২৭০ মিটার খ. ১২৮৭ মিটার গ. ৩৯৩২ মিটার ঘ. ৩৯৬২ মিটার	১২. প্রশান্ত মহাসাগরের গড় গভীরতা কত? ক. ১২৮৭ মিটার খ. ৩৯৩২ মিটার গ. ৩৯৬২ মিটার ঘ. ৪২৭০ মিটার

বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।	
১৩. বাংলাদেশের আমদানী পণ্য কোনটি? ক. হিমায়িত খাদ্য খ. চামড়াজাত পণ্য গ. হোম টেক্সটাইল ঘ. অপরিশোধিত পেট্রোলিয়াম	১৩. বাংলাদেশের আমদানী পণ্য কোনটি? ক. হিমায়িত খাদ্য খ. চামড়াজাত পণ্য গ. হোম টেক্সটাইল ঘ. জ্বালানী তেল

বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।	
১৪. শিল্প গড়ে ওঠার প্রাকৃতিক নিয়ামক কোনটি? ক. মূলধন খ. জলবায়ু গ. বৃষ্টিপাত ঘ. সড়কপথ	১৪. শিল্প গড়ে ওঠার প্রাকৃতিক নিয়ামক কোনটি? ক. শ্রমিক খ. মূলধন গ. জলবায়ু ঘ. সড়কপথ

বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।	
১৫. অভিবাসনের ফলে কোন দেশের- i. জনসংখ্যা বৃদ্ধি পায় ii. দেশের সামাজিক বৈশিষ্ট্য ক্ষুণ্ণ হয় iii. দেশের সামাজিক বৈশিষ্ট্য অটুট থাকে নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii	১৫. অভিবাসনের ফলে কোন দেশের- i. জনসংখ্যা বৃদ্ধি পায় ii. উন্নয়নের ধারা পরিবর্তন হয় iii. সামাজিক বৈশিষ্ট্য ক্ষুণ্ণ হয় নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

বিকল্প উত্তরে 'উপরের সবগুলো সঠিক'-এমন বাক্য পরিহার করতে হবে।	
১৬. বন্যা নিয়ন্ত্রণের সাধারণ ব্যবস্থাপনা কোনটি? ক. নদী শাসন ব্যবস্থা করা খ. পুকুর বিল প্রভৃতি খনন করা গ. নদী দু'তীরে ঘন জঙ্গল সৃষ্টি করা ঘ. উপরের সবগুলো সঠিক	১৬. বন্যা নিয়ন্ত্রণের সাধারণ ব্যবস্থাপনা কোনটি? ক. নদীর তলদেশ খনন করা খ. দেশের সর্বত্র বনায়ন সৃষ্টি করা গ. নদী শাসন ব্যবস্থা সুনিশ্চিত করা ঘ. শহর বেষ্টিত মূলক বাঁধ দেওয়া

বিকল্প উত্তরে 'উপরের কোনটিই সঠিক নয়'-এমন বাক্য পরিহার করতে হবে।	
১৭. নিচের কোনটি জনসংখ্যা বন্টনের অপ্রাকৃতিক প্রভাবক? ক. খনিজ খ. মৃত্তিকা গ. ভূপ্রকৃতি ঘ. উপরের কোনটিই সঠিক নয়	১৭. নিচের কোনটি জনসংখ্যা বন্টনের অপ্রাকৃতিক প্রভাবক? ক. খনিজ খ. মৃত্তিকা গ. ভূপ্রকৃতি ঘ. শিল্পাঞ্চল

পরিশিষ্ট: 'ব্য'

বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড-----  
পরীক্ষার নাম----- ২০--- খ্রিস্টাব্দ  
বিষয় : ভূগোল ও পরিবেশ বিষয় কোড : ১১০

[illegible]



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
 পরীক্ষার নাম----- ২০--- খ্রিস্টাব্দ  
 বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক  
 বিষয় : ভূগোল ও পরিবেশ বিষয় কোড : ১১০

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১	
২	
৩	
৪	
৫	
৬	
৭	
৮	
৯	
১০	
১১	
১২	
১৩	
১৪	
১৫	

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১৬	
১৭	
১৮	
১৯	
২০	
২১	
২২	
২৩	
২৪	
২৫	
২৬	
২৭	
২৮	
২৯	
৩০	

## সৃজনশীল প্রশ্নের উদাহরণ

বিষয় : ভূগোল ও পরিবেশ

বিষয় কোড : ১১০

১. দৃশ্যকল্প-১ : সজলের গ্রামে একস্থান থেকে অন্য স্থানে যেতে অনেক সময় লাগে। যানবাহন ঐ এলাকায় প্রবেশ করতে পারে না বললেই চলে। সেখানে এক বিশেষ পদ্ধতিতে চাষাবাদ করা হয়।

দৃশ্যকল্প-২ : শিখর যে শহরে বাস করে তার পাশেই প্রাকৃতিক সম্পদের খনি রয়েছে। তার শহরের বেশিরভাগ মানুষই সেখানে কর্মরত। কিন্তু তার বন্ধু রানার শহরে বিভিন্ন দ্রব্য কেনা বেচার জায়গা গড়ে উঠেছে, যেখানে অন্যান্য শহর থেকে নৌযানে পণ্যদ্রব্য আনা নেওয়া করা হয়।

- ক. অবাধ অভিবাসন কাকে বলে ? ১
- খ. শহর অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব কেমন? ব্যাখ্যা করো। ২
- গ. সজলের বসবাসরত অঞ্চলটিতে কোন ধরনের বসতি বিদ্যমান-ব্যাখ্যা করো ? ৩
- ঘ. শিখর ও রানার বসবাসরত অঞ্চলের নগরের ধরণ চিহ্নিতপূর্বক উভয় নগরের সম্ভাব্য পরিবেশ দৃষ্ণের তুলনা করো। ৪


২. পলাশ ও শিমুল বিশেষ ধরনের দুটি যন্ত্র নিয়ে বিশ্ব ভ্রমণে বের হলো। পলাশ শিমুলকে বলল, আমাদের মত পর্যটকদের পথ হারিয়ে যাওয়ার ঝুঁকি রয়েছে। তার উত্তরে শিমুল বলল, পথ হারিয়ে গেলেও কোন সমস্যা নেই। একটি যন্ত্র ব্যবহার করে আমাদের অবস্থান নির্ণয় করতে পারব এবং অপর যন্ত্রের সাহায্যে প্রাপ্ত তথ্যাবলি ব্যবহার ও বিশ্লেষণ করতে পারবো। পলাশ টেলিফোনে শিমুলকে জানাল, তার অবস্থান ৩০° পূর্ব দ্রাঘিমাংশে এবং এখানে স্থানীয় সময় সকাল নয়টা। শিমুল বলল, তার অবস্থান ৬০° পূর্ব দ্রাঘিমাংশে।

- ক. স্থানীয় সময় কাকে বলে ? ১
- খ. কৃষকের জমি পরিমাপের জন্য কোন ধরনের মানচিত্র ব্যবহার করা হয় ? ব্যাখ্যা করো। ২
- গ. শিমুলের অবস্থানের স্থানীয় সময় নির্ণয় করো। ৩
- ঘ. উদ্দীপকের পলাশ ও শিমুলের মতো পর্যটকদের জন্য কোন প্রযুক্তিটি অধিকতর সহায়ক হবে- বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৩. ভূগোলের শিক্ষক শিক্ষার্থীদের গল্পের মাধ্যমে জানালেন, 'আমাদের ছোটবেলায় দেশে এতো শীত বা গরম পড়তো না। এখন গরমের সময় তীব্র গরম আবার শীতকালে শীতের তীব্রতা কমে যাচ্ছে এবং কোনো কোনো দেশে অনেক বৃষ্টিও হচ্ছে'। এরপর তিনি একটা ভিডিও চিত্র দেখালেন। শিক্ষার্থীরা দেখলো মহাকাশ হতে কিছু জ্যোতিষ্ক বায়ুমন্ডলের একটা স্তরে এসে শেষ হয়ে যাচ্ছে। বায়ুমন্ডলের সবচেয়ে ভারী স্তর সম্পর্কেও অনেক গুরুত্বপূর্ণ ছবি তারা দেখলো।

- ক. বায়ুমন্ডল কাকে বলে ? ১
- খ. মরুভূমিতে দিনে প্রচন্ড গরম অনুভূত হয় কেন ? ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে ভূগোলের শিক্ষকের বর্ণনায় জলবায়ু পরিবর্তনের জন্য কোন প্রভাবকে দায়ী করা যেতে পারে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. ভিডিও চিত্রে প্রদর্শিত বায়ুমন্ডলের স্তরদ্বয়ের মধ্যে তুলনামূলক আলোচনা করো। ৪

৪.



চিত্র : ১



চিত্র : ২

- ক. অক্ষাংশ কাকে বলে? ১
- খ. মঙ্গল গ্রহে প্রাণির অস্তিত্ব থাকা সম্ভব নয় কেন? ব্যাখ্যা করো। ২
- গ. চিত্র-১ এ প্রদর্শিত পরীক্ষার সাহায্যে পৃথিবীর কোন গতিকে বোঝানো যায়? ব্যাখ্যা করো। ৩
- ঘ. চিত্র-২ অনুযায়ী ১০ জুন A স্থানে যে ঋতু বিরাজ করবে B স্থানে কি একই ঋতু বিরাজ করবে? ৪
- পৃথিবীর গতির আলোকে উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

৫. হাবিব কক্সবাজার থেকে টেকনাফ হয়ে সেন্টমার্টিন গেল। রাস্তায় যাওয়ার সময় অনেক উঁচু নিচু পাহাড় দেখে সে মুগ্ধ হলো। সকালে জাহাজে উঠার আগে কাদায় আটকে থাকা অনেকগুলো নৌকা দেখতে পেলো। বিকেলে যখন সে টেকনাফ হতে ফিরছে তখন সে দেখলো সকালের দেখা নৌকাগুলো পানিতে ভাসছে। বিষয়টি তাকে বিস্মিত করলো। এ ব্যাপারে বন্ধু রাশেদের নিকট জানতে চাইলে রাশেদ তাকে পানি বেড়ে যাওয়ার বিষয়টির ব্যাখ্যা দিল। সে আরও বলল মাটির উপরে শুধু নয়, সমুদ্রের তলদেশের এক বৈচিত্র্যময় উঁচু নিচু ভূমিরূপ আছে যার কোনটির প্রায় ৩০০০মিটার গভীর এবং আবার কোনটির গভীরতা প্রায় ৫০০০ মিটার।

- ক. মহাসাগর কী ১
- খ. ব্রিটিশ দ্বীপপুঞ্জের পশ্চিম উপকূল শীতকালে বরফমুক্ত থাকে কেন? ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে সকালে কাদায় আটকে থাকা নৌকাগুলো বিকেলে পানিতে ভেসে থাকার কারণটি ব্যাখ্যা করো। ৩
- ঘ. রাশেদের বর্ণনায় সমুদ্রের তলদেশে উল্লিখিত ভূমিরূপগুলোর তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৬. দৃশ্যকল্প-১ : পঞ্চগড় জেলার কৃষক মনিরুল মিয়ার এলাকার মাঠ ঘাট ফেটে চৌচির হয়ে গেছে। প্রকৃতি রক্ষা হয়ে উঠেছে। মাঠের ফসলের শস্য দানা কম হওয়ায় কৃষকদের মধ্যে হাহাকার দেখা দিয়েছে।

দৃশ্যকল্প-২ : ২০১৫ সালে নেপালে ভূ-আলোড়নের মাধ্যমে একটি ভয়াবহ দুর্যোগ সংঘটিত হয়। এতে প্রায় ৬ লাখের বেশি অবকাঠামো ধ্বংস হয়। দেশটির জিডিপি প্রায় অর্ধেক পরিমাণ আর্থিক ক্ষতি হয়েছে বলে খবরে জানানো হয়। [তথ্য সূত্র: অনলাইন]

- ক. বিপর্যয় কাকে বলে? ১
- খ. দুর্যোগ ব্যবস্থাপনায় আবহাওয়া অধিদপ্তরকে কোন সংস্থা সহায়তা করে থাকে? ব্যাখ্যা করো। ২
- গ. মনিরুলের এলাকায় যে ধরনের দুর্যোগ লক্ষ্য করা যায় তার প্রভাব ব্যাখ্যা করো। ৩
- ঘ. নেপালের মতো দুর্যোগ বাংলাদেশে সংঘটিত হলে ক্ষয়ক্ষতি হ্রাসে কোন পদক্ষেপগুলো কার্যকর হবে বলে তুমি মনে করো? যুক্তিসহকারে মতামত দাও। ৪

৭.



- ক. পরিবহণ ব্যবস্থা কাকে বলে? ১
- খ. উত্তরবঙ্গে নদীবন্দর গড়ে ওঠে নাই কেন? ব্যাখ্যা করো। ২
- গ. A অঞ্চল থেকে ঢাকায় ব্যবসায়িক পণ্য পরিবহণের জন্য কোন ধরনের যাতায়াত পথ ব্যবহার করা সুবিধাজনক- ব্যাখ্যা করো। ৩
- ঘ. B ও C অঞ্চলদ্বয়ের মধ্যে কোনটি বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে অধিক ভূমিকা রাখে- বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৮.



চিত্র: পৃথিবীর অভ্যন্তরের স্তর

- ক. সুপ্ত আগ্নেয়গিরি কাকে বলে? ১
- খ. পর্বতে ভূমিধস ঘটে কেন? ২
- গ. X অংশটি পৃথিবীর কোন স্তরকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. 'Y ও Z স্তরে নিকেল ও পারদের আধিক্য রয়েছে'- তুমি কি একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর  
বিষয় : ভূগোল ও পরিবেশ বিষয় কোড : ১১০

১. দৃশ্যকল্প-১ : সজলের গ্রামে একস্থান থেকে অন্য স্থানে যেতে অনেক সময় লাগে। যানবাহন ঐ এলাকায় প্রবেশ করতে পারে না বললেই চলে। সেখানে এক বিশেষ পদ্ধতিতে চাষাবাদ করা হয়।

দৃশ্যকল্প-২ : শিখর যে শহরে বাস করে তার পাশেই প্রাকৃতিক সম্পদের খনি রয়েছে। তার শহরের বেশিরভাগ মানুষই সেখানে কর্মরত। কিন্তু তার বন্ধু রানার শহরে বিভিন্ন দ্রব্য কেনা বেচার জায়গা গড়ে উঠেছে, যেখানে অন্যান্য শহর থেকে নৌযানে পণ্যদ্রব্য আনা নেওয়া করা হয়।

- ক. অবাধ অভিবাসন কাকে বলে? ১
- খ. শহর অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব কেমন? ব্যাখ্যা কর। ২
- গ. সজলের বসবাসরত অঞ্চলটিতে কোন ধরনের বসতি বিদ্যমান-ব্যাখ্যা কর? ৩
- ঘ. শিখর ও রানার বসবাসরত অঞ্চলের নগরের ধরণ চিহ্নিতপূর্বক উভয় নগরের সম্ভাব্য পরিবেশ দূষণের তুলনা করো। ৪

১ক. অবাধ অভিবাসন কাকে বলে?

নম্বর প্রদান নির্দেশিকা/ রূব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১	১	১	অবাধ অভিবাসনের ধারণা লিখলে
		০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ ক. নং প্রশ্নের নমুনা উত্তর:

নিজের ইচ্ছায় বাসস্থান ত্যাগ করে আপন পছন্দমতো স্থানে বসবাস করাকে অবাধ অভিবাসন বলে।

১খ. শহর অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব কেমন? ব্যাখ্যা কর।

নম্বর প্রদান নির্দেশিকা/ রূব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১	২	২	শহর অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব বেশি হওয়ার কারণ ব্যাখ্যা করতে
		১	শহর অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব বেশি তা লিখতে
		০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ খ. নং প্রশ্নের নমুনা উত্তর:

শহর অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব বেশি। শহরে রাস্তাঘাট ভাল। যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা উন্নত। এছাড়া বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, নার্সিংহোম, আমোদ-প্রমোদের জন্য বহু প্রকার সংস্থা, পার্ক ইত্যাদি থাকে। শহরে কর্মসংস্থানের সুযোগ বেশি। তাই শহর অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব বেশি থাকে।

১গ. সজলের বসবাসরত অঞ্চলটিতে কোন ধরনের বসতি বিদ্যমান-ব্যাখ্যা কর?

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১	৩	৩	বিক্ষিপ্ত বসতি ব্যাখ্যাপূর্বক উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করে লিখলে
		২	বিক্ষিপ্ত বসতি ব্যাখ্যা করলে
		১	বিক্ষিপ্ত বসতি উল্লেখ করলে
		০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

১ গ. নং প্রশ্নের নমুনা উত্তর:

সজলের অঞ্চলটিতে বিক্ষিপ্ত বসতি বিদ্যমান। এই ধরনের বসতিতে একটি পরিবার অন্যান্য পরিবার থেকে ছড়ানো ছিটানো অবস্থায় বসবাস করে। কখনো কখনো দুটি বা তিনটি পরিবার একত্রে বসবাস করে। তবে এ ক্ষেত্রেও এদের অতি ক্ষুদ্র বসতি অপর ক্ষুদ্র বসতি থেকে দূরে অবস্থান করে। হিমালয়ের বন্ধুর পার্বত্য অঞ্চলে এমন কিছু বসতি আছে যেখানকার এক অঞ্চলের উপত্যকার অধিবাসীদের সঙ্গে অন্যদিকের উপত্যকা বাসীদের সারাজীবনে দেখা সাক্ষাৎ হয় না। পৃথিবীর অধিকাংশ বিক্ষিপ্ত বসতি বন্ধুর ভূ-প্রাকৃতিক অঞ্চলে গড়ে উঠেছে। বন্ধুর ভূ-প্রকৃতিতে যেমন কৃষিকাজের জন্য সমতল ভূমি পাওয়া যায় না, তেমনি এখানে যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলাও কষ্টসাধ্য। এ ধরনের বসতি গড়ে ওঠার অন্যতম কারণ জলাভাব, জলাভূমি ও বিল অঞ্চল, ক্ষয়িত ভূমিভাগ, বনভূমি, অনুর্বর মাটি। উপরের আলোচনায় প্রতীয়মান হয় যে, সজলের অঞ্চলটি বিক্ষিপ্ত বসতির অন্তর্ভুক্ত।

১ঘ. দৃশ্যকল্প-২ এ বর্ণিত শিখর ও রানার বসবাসরত অঞ্চলের নগরের ধরন চিহ্নিতপূর্বক উভয় নগরের সম্ভাব্য পরিবেশ দূষণের তুলনা কর।

#### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের বিবেচ্য বিষয়
১	৪	৪	শিল্পভিত্তিক ও বাণিজ্যভিত্তিক নগর ব্যাখ্যা করে উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপনপূর্বক সম্ভাব্য পরিবেশ দূষণের তুলনা করে লিখলে
		৩	শিল্পভিত্তিক/ বাণিজ্যভিত্তিক নগর ব্যাখ্যাপূর্বক উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করে লিখলে
		২	শিল্পভিত্তিক /বাণিজ্যভিত্তিক নগর ব্যাখ্যা করে লিখলে
		১	শিল্পভিত্তিক /বাণিজ্যভিত্তিক নগর উল্লেখ করে লিখলে
		০	অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে

## ১ ঘ. নং প্রশ্নের নমুনা উত্তর:

শিখরের শহরটি শিল্পভিত্তিক নগর এবং রানার শহরটি বাণিজ্যভিত্তিক নগর।

